গাংনীতে পরোয়ানাভূক্ত আসামীকে গ্রেফতার করছে র্যাব-৬

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্প অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত আসামী মো: পলাশ আলী (৩০) কে গ্রেফতার করেছে।
পলাশ গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের পুরাতনপাড়া এলাকার ফারজেল হোসেনের ছেলে।
সে গাংনী থানার স্বারক নং ৯০ এর এনজিআর -১০/২০ এর আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামী। গোপন সংবাদের ভিত্ত্বিতে বামন্দী বাজার এলাকা থেকে আজ বুধবার (২৫মে)ভোররাত ৪ টার সময় র্যাবের একটি দল অভিযান চালিয়ে গ্রেফতার করেন। র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্প থেকে আজ বুধবার পাঠানো প্রেস বিজ্ঞপ্তি মোতাবেক এ তথ্য জানা গেছে।
গ্রেফতারকৃত আসামীকে জেলার গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে সরকারিভাবে ধান সংগ্রহের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার অভ্যন্তরীণ ও বোরো ধান সংগ্রহ উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার খাদ্যগুদামের সরকারিভাবে কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করা হয়।

ধান সংগ্রহ উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি অফিসার লাভলী খাতুনের সভাপতিত্বে এ ধান সংগ্রহের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। এ সময় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল, উপজেলা খাদ্য কর্মকর্তা মনোয়ার হোসেন, উপজেলা খাদ্য গুদাম কর্মকর্তা হাসান সাব্বির প্রমুখ উপস্থিত ছিলেন।

চলতি বছরে ৯ হাজার ২১ মে. ট. ধান কৃষকদের কাছ থেকে সরাসারি ক্রয়

করা হবে।প্রতি কেজি ২৭টাকা দরে,প্রতি মন ধান ১হাজার ৮০ টাকা দরে ধানের দাম সরকারিভাবে নির্ধারণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় প্রেমিকাকে ভিডিও কলে রেখে যুবকের আত্মহত্যা

চুয়াডাঙ্গা জেলা সদরের পৌর এলাকায় প্রেমিকাকে ভিডিও কলে রেখে ফজলে রাব্বি সোলাইমান (২৪) নামে এক কলেজ শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। বুধবার (২৪ মে) রাত ২টার দিকে ঘটনাটি ঘটে।

পরিবারের সদস্যরা জানায়, রাত ২টার দিকে অজ্ঞাত এক নারী আমাদের ফোন করে জানায় রাব্বি ফাঁস দিয়েছে, তাড়াতাড়ি তার ঘরে যান। আমরা গিয়ে দেখি দরজা বন্ধ। প্রতিবেশীদের সহযোগিতায় দরজা ভেঙে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরে জানতে পারি, প্রেমিকার সঙ্গে মনোমালিন্যের কারণে আত্মহত্যা করে রাব্বি।

স্থানীয়রা জানায়, রাব্বি খুব ধার্মিক প্রকৃতির ছেলে ছিল। সপ্তাহে দুদিন রোজা রাখত। মঙ্গলবারও রোজা রেখেছিল। আমরা আগে কখনো শুনিনি কোনো মেয়ের সঙ্গে তার সম্পর্ক আছে।

ফজলে রাব্বি চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারি গ্রামের টুলু মিয়ার ছেলে। তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজের অনার্স তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন। পাশাপাশি বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র সনো সেন্টারে এক্সরে বিভাগে কর্মরত ছিলেন। তিন ভাইয়ের মধ্যে ফজলে রাব্বি সবার ছোট।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন জানান তিনি, রাত ২টার দিকে ফজলে রাব্বি নামে ওই যুববকে হাসপাতালে নিয়ে আসে পরিবারের সদস্যরা। পরীক্ষা-নিরীক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়। মরদেহ হিমঘরে রাখা হয়েছে। সংশ্লিষ্ট থানায় জানানো হবে

মেহেরপুরে কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী পালিত

মেহেরপুরে কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে নজরুল রচনা পাঠ থেকে, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
আজ বুধবার সকালে মেহেরপুর সরকারী কলেজের বৈশাখী চত্বরে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর সরকারী কলেজ আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মহা. আব্দুর রাজ্জাক, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক আবদুল বশির, অর্থনীতি বিভাগের প্রভাষক ইফতেখাইরুল ইসলাম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যক্ষ মোঃ ফুয়াদ খাঁন, ইংরেজি প্রভাষক মোঃ মাহফুজ আলী, বাংলা প্রভাষক মনিরুজ্জামান। এছাড়াও সেখানে অন্যান্য প্রভাষকগণ ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।
পরে মেহেরপুর সরকারী কলেজের শিক্ষার্থীরা কাজী নজরুল ইসলামের বিভিন্ন কবিতা, গান, ছড়া ও নাচ পরিবেশন করে অন্যান্য ছাত্র-ছাত্রী ও প্রভাষকদের মন জয় করে নেয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্তসহ ৯ জন আসামীকে গ্রেফতার করেছে।
মঙ্গলবার দিবাগত রাতভর আজ বুধবার (২৫ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের মধ্যে সাজা মামলায় ২ জন, সিআর মামলায় ১ জন, মাদক মামলায় ১ জন, জিআর মামলায় ১ জন ও দায়ের হওয়া নিয়মিত মামলায় ৪ জন আসামী রয়েছে। মুজিবনগর থানা পুলিশ ৪ জন, সদর থানা পুলিশ ৪ জন ও

গাংনী থানা পুলিশ ১ জন আসামীকে গ্রেফতার করেছেন। এদিকে গত ২৪ ঘন্টায় মেহেরপুর সদর থানায় ১ টি ও মুজিবনগর থানায় ৩ টি নিয়মিত মামলা রুজ্জু করা হয়েছে।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে এসব আটক অভিযানে নেতৃত্ব দেন।
এসময় ১০০ গ্রাম গাঁজা ও ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার রয়েছে। গ্রেফতারকৃতদের আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আপন মহিমায় ভৈরব

মেহেরপুর ভৈরব নদ ফিরেছে আপন মহিমায়।এখন তার বুকে রাশি রাশি জল আর সবুজ প্রকৃতি।নদীর দু পাড়ে ভরে যাচ্ছে নানা প্রকৃতির গাছ গাছালি আর গুল্মলতায়।এখন এই নদে পাওয়া যাচ্ছে নানা জাতীয় দেশীয় মাছ। দীর্ঘদিন সংস্কারের অভাবে নদটি হারিয়ে ফেলেছিল তার আপন চেহারা। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পূর্ণখনন কাজ হাত দেই।তবে, কিছু এলাকায় কচুরিপানা জমে নদটিকে শ্রীহীন করে তুলছে।মেহেরপুর শহরের থানার ঘাট থেকে অনিন্দম সুন্দর এই চেহারা দৃশ্যটি ক্যামেরা বন্দী করেছেন মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

সাম্যের কবি নজরুল ইসলামের

১২৩তম জন্মবার্ষিকী

আজ বুধবার (২৫ মে) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী। বাংলা সাহিত্যের অবিসংবাদিত কিংবদন্তীর জন্মদিনে কবির প্রতি জানাই গভীর শ্রদ্ধাঞ্জলি।
কবি কাজী নজরুল ইসলাম অন্যায়ের বিরুদ্ধে ছিলেন সোচ্চার, ছিলেন প্রতিবাদী। তার ক্ষুরধার লেখনি অন্যায় ও অবিচারের বিরুদ্ধে বিপ্লবের মন্ত্র উচ্চারিত হয়।
বহুমূখী বিস্ময়কর প্রতিভার অধিকারী মহান কবি ছিলেন, ঔপন্যাসিক, নাট্যকার, সুরকার, সঙ্গীতজ্ঞ, সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা। বাংলা সাহিত্যের পরতে পরতে জড়িয়ে তার সাহিত্যকর্ম। নির্বাক হওয়া পর্যন্ত সাহিত্য-চর্চায় ব্রতী ছিলেন এই মহান কবি।
দেশের স্বাধীনতা ও মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য উপনৈবেশিক শাসক গোষ্ঠীর অন্যায়ের বিরুদ্ধে কলমকে অস্ত্র হিসেবে ব্যবহার করে কারাগারে নির্যাতিত হয়েছেন বারবার। তাই বৃটিশদের সেই জেলখানাতে বসেও বিদ্রোহী হয়ে উঠেছিলেন কবি।
কবি লখিছেলিনে,
“কারার ঐ লৌহকপাট
ভেঙে ফেল কর রে লোপাট
রক্ত-জমাট শিকল পূজার পাষাণ-বেদী
ওরে ও তরুণ ঈশান
বাজা তোর প্রলয় বিষাণ
ধ্বংস নিশান উড়ুক প্রাচীর প্রাচীর ভেদি”

কবি নজরুলের কবিতার মূল বিষয়বস্তু ছিল মানুষের ওপর অত্যাচার, সামাজিক অনাচার ও শোষণের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ।
জাগরণের কবি কাজী নজরুল ইসলাম। উপমহাদেশের স্বাধীনতার প্রথম বলিষ্ঠ কন্ঠস্বর। তার কবিতা ও গান আমাদের মুক্তি সংগ্রামে অনুপ্রেরণা যুগিয়েছে।
বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে তার লেখা সেই বিখ্যাত গানটি “চল্ চল্ চল্ গানটি আমাদের জাতীয় রণসঙ্গীত।
আমি বিশ্বাস করি প্রত্যক্ষ ও পরোক্ষ ঔপনিবেশিক শৃঙ্খল ছিন্ন করে দেশ থেকে অন্যায় অবিচার ও অত্যাচার নির্মূল করতে তার লেখনীর আবেদন চিরদিন নির্যাতিত মানুষকে প্রেরণা যোগাবে।
পাশাপাশি সঙ্গীতে তার মানবপ্রেম, প্রকৃতিপ্রেম এবং সৃষ্টিকর্তার প্রতি আত্মনিবেদিত ভক্তিমূলক গানের আবেদন চিরকালীন ও চিরস্থায়ী

মেহেরপুরের উজুলপুর গ্রামে জ্বীন সাপ আতংক

সাপ দেখেনি কেউ। অথচ, সাপ আতংকে ভুগছেন গ্রামের নারী পুরুষ, বৃদ্ধ বনিতা সকলেই। সাপ থেকে বাঁচতে গ্রামবাসি এখন সাপুড়ে ও ওঝাদের কাছ থেকে ঝাঁড়ফুক নেওয়ার পাশাপাশি নিচ্ছেন কার পড়া। শিক্ষিত আর অশিক্ষত নয়, সকলেরই এখন রাতের ঘুম হারাম হয়ে গেছে এই সাপ আতংকে।
আর এ সুযোগে এলাকার কবিরাজরা (ওঝাঁ) এগুলোকে জ্বীন সাপের কাজ বলে গুজব ছড়িয়ে জনতার মাঝে আতংক বাড়িয়ে তুলছেন। সেই সাথে হাতিয়ে নিচ্ছেন অর্থ।
মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের একটি গ্রাম উজুলপুর। প্রকৃতিতে ঘেরা শান্ত গ্রামটিতে অধিকাংশ মানুষ কৃষি ও ক্ষুদ্র ব্যবসার সাথে জড়িত। পাখির ডাক আর প্রকৃতির মৃদুমন্দ হাওয়ায় তাদের ঘুম ভাঙ্গে প্রতিদিন।
১৩ মে সকালে হঠাৎ গ্রামের মানুষ জানতে পারেন উজলপুর গ্রামের কুঠিপাড়া এলাকার কৃষক কামাল হোসেনের ছেলে ৮ম শ্রেনীর ছাত্র মুরসালিন সাপের কামড়ে মারা গেছেন।
মাঝরাতে সাপে কাটে মুরসালিনকে। ওই রাতে তাকে আড়াইশ বেডের মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্ত করা হয়। ভোর রাতের দিকে মারা যায় মুরসালিন।
পরের দিন সন্ধ্যায় গ্রামের স্টুডিও ব্যবসায়ী রুবেল আহম্মেদ বাথরুম থেকে বের হওয়ার সময় হাতে কামড় লাগে। সাথে সাথে তার হাতে জালাপোড়া শুরু করে এবং হাত অবশ হয়ে যায়।
রুবেল আহম্মেদ জানান, আমার হাতে সাপে কামড় দেয়ায় পাশের শোলমারী গ্রামের ওঝাঁ (কবিরাজ) রতন হোসেনকে ফোনে জানায়। ওঝাঁ আয়াতুল কুরছি পড়ে ফুঁ দিতে বলেন। আমি আয়াতুল কুরছি পড়ে ফুঁ দিলে কিছুক্ষণের মধ্যেই জ্বালা পোড়া শেষ হয়।
স্থানীয় মাঠে কাজ করছিলেন ওই গ্রামের হেলাল উদ্দীন নামের এক কৃষক। হঠাৎ তার হাতে কামড় দেই সাপে। পরে তাকে উদ্ধার করে

বছরের সাপুড়ে পেশায় জ্বীন সাপ আছে বলে জানিনে এটা।
মেহেরপুর সিভিল সার্জন (ভারপ্রাপ্ত) ডা. অলোক কুমার দাশ বলেন, এটা শ্রেফ গুজব। ঘটনাটি জানার পর স্বাস্থ্য বিভাগ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ওই গ্রামটিতে পরিদর্শন করা হয়েছে। একটি চক্র আতংক ছড়িয়ে ফায়দা লুচতে চাচ্ছে। প্রশাসনের পক্ষ থেকে তাদের সনাক্ত করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। গ্রামবাসির মনোবল ধরে রাখতে উজুলপুর গ্রামে একটি মেডিকেল টীম সার্বক্ষণিক কাজ করছে।

গাংনীতে মৎস্য আড়ৎ নির্মাণ প্রকল্পে নিম্মমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ

প্রায় ৯০ লাখ টাকা ব্যয়ে গাংনী পৌর সভার মৎস্য আড়ত নির্মাণ প্রকল্পে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। আর এসব নিম্মমানের সামগ্রী ব্যবহার করলেও পৌর কর্তৃপক্ষের এগুলো নিয়ে কোন মাথাব্যাথা নেই অভিযোগ স্থানীয়দের।

পৌর কার্যালয় থেকে জানা গেছে, এডিবি ও সেলামীর অর্থায়নে ৯০ লাখ টাকা ব্যয়ে গাংনী মৎস্য আড়ত নির্মাণ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ২০ কক্ষ বিশিষ্ট আড়ৎ, ৩৩০মিটার এইচবিবিকরণ রাস্তা, ও ড্রেন নির্মাণ করা হচ্ছে। কুষ্টিয়ার মেসার্স রোমানা এন্টারপ্রাইজ কাজটির দায়িত্ব পেলেও কাজটি সাব কন্ট্রাক্ট নিয়েছেন গাংনীর মেসার্স মাম এন্টারপ্রাইজ।

ওই ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধীকারী সাহাবুদ্দীন রাজা ও বাঁশবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মাজহারুল ইসলাম এ কাজ করছেন বলে জানান পৌরসভার সহকারী প্রকৌশলী শামিম রেজা।

স্থানীয়রা অভিযোগ করেন, ঘরসহ এইচবিবিকরণ রাস্তার কাচে নিম্মমানের ইট, মাটি মিশ্রিত বালি, সিমেন্ট ও নিম্মমানের নির্মাণ

সামগ্রী ব্যবহার করা হয়েছে। কিছুদিনের মধ্যেই হেয়ারিং বন্ডের রাস্তা নষ্ট হয়ে যাবে আশংকার করছেন স্থানীয়রা।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন মৎস্য ব্যবসায়ী জানান, প্রথমদিকে এখানে খুবই নিম্মমানের ইট দিয়ে কাজ করা হয়েছে। স্থানীয়রা বিষয়টি নিয়ে আপত্তি তুললে পরবর্তিতে কিছু ইট ভালো দিয়েছে। কিন্তু তার আগেই অনেক ইট নিম্মমানের ব্যবহার করা হয়েছে। সরকার টাকা খরচ করে আড়ৎ করে দিলেও নিম্মমানের ইটের কারণে বেশিদিন টিকবে না। কিন্তু ঠিকাদার প্রভাবশালী হওয়ায় কেউ মুখ খুলছে না।

কাজে তদারককারী গাংনী পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী আমিনুল কবীর ঠিকাদারের পক্ষ নিয়ে বলেন, প্রথম দিকে কিছু ইট নিম্মমানের এসেছিলো। সেই ইটগুলো ফিরিয়ে দেওয়া হয়েছে। এখন সব কাজ এক নম্বর ইট ব্যবহার করা হচ্ছে। এছাড়া অন্যান্য নির্মাণ সামগ্রীও ঠিকঠাক দেওয়া হচ্ছে। আমি নিজে দাড়িয়ে থেকে কাজের তদারকি করছি।

উপ-সহকারী প্রকৌশলীর মত একই সুরে কথা বলেন সহকারী প্রকৌশলী শামিম রেজা। তিনি বলেন, প্রথমদিকে কিছু ইট নিম্মমানের দেওয়া হয়েছে শুনে সেখানে উপ-সহকারীকে পাঠিয়েছিলাম। তিনি জানিয়েছেন, নিম্মমানের ইট সরিয়ে ভালো মানের ইট দেওয়া হয়েছে। কিন্তু এখনো সেখানে নিম্মমানের ইট রাখা হয়েছে এবং ইতোমধ্যে অনেক নিম্মমানের ব্যবহার করা হয়েছে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমি এক সপ্তাহ ধরে ছুটিতে আছি।

তিনি আরো বলেন, কুষ্টিয়ার রোমানা এন্টারপ্রাইজ কাজটি পেয়েছে। তাদের সাথে সাহাবদ্দিন রাজা ও মাঝহারুল ইসলামের ঠিকাদারী প্রতিষ্ঠান মাম এন্টারপ্রাইজ কাজটি কিনে নেয়।

রোমানা এন্টারপ্রাইজের মালিক ফারুক হোসেন বলেন, আমার প্রতিষ্ঠানের নামে কাজ করলে ভালো করে করতে হবে। নতুবা আমার প্রতিষ্ঠানের নামে ভবিষ্যতে আর কাজ করতে দেব না।

ঠিকাদার মাঝহারুল ইসলাম বলেন, আমি সাহাবদ্দিন রাজার সাথে চলাচল করি। যে কারণে মানুষ মনে করে আমি আমি তার পার্টনার। কিন্তু আমি কোন ঠিকাদারী কাজ করি না।

মাম এন্টার প্রাইজের স্বত্ত্বাধীকারী ঠিকাদার সাহাবদ্দিন রাজা বলেন, ইটের দাম বেড়ে যাওয়ায় কিছু ইট নিম্মমানের দেওয়া হয়েছিলো। ইঞ্জিনিয়ার মহোদয় বলার পর ইট উঠিয়ে নেওয়া হয়েছে।

এ বিষয়ে গাংনী পৌর মেয়র আহমেদ আলী মেহেরপুর প্রতিদিনকে বলেন, অভিযোগ পাওয়ার পর আমি নিজে গিয়ে ইঞ্জিনিয়ারকে নিম্মমানের ইট সরিয়ে নেওয়ার কথা বলেছি। তারপরও যদি নিম্মমানের ইট ব্যবহার করা হয় বিল দেওয়া হবে না।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে পৌর নির্বাচনের স্টিয়ারিং কমিটি গঠণ

আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচনের পরিচালনার লক্ষ্যে জেলা আওয়ামী লীগের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৪ মে) সন্ধ্যা ৭ টার সময় মেহেরপুর শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির (ভার্চ্যুয়াল) সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন জেলার নেতৃবৃন্দ। প্রস্তুতি সভায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির দিক নির্দেশনায় ১৫ জুন অনুষ্ঠিতব্য মেহেরপুর পৌর নির্বাচনে দলীয় প্রার্থী বর্তমান মেয়র মাহফুজুর রহমান রিটনের নির্বাচনে নৌকার বিজয় নিশ্চিত করার জন্য স্টিয়ারিং কমিটি গঠিত হয়।
মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলীকে আহবায়ক করে ১৩ সদস্য বিশিষ্ট স্টিয়ারিং কমিটি গঠণ করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সহসভাপতি আব্দুল মান্নান, জাতীয় পরিষদের সদস্য ও সাবেক এমপি জয়নাল আবেদীন, প্রফেসর আব্দুল মান্নান,জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা জ্বজকোর্টের পিপি পল্লভ ভট্টাচার্য, অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন,অধ্যাপক হাসানুজ্জামান মালেক, সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ইকবল হোসেন

বুলবুল, সাধারণ সম্পাদক ইমতিয়াজ হক জুয়েল ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।
মেহেরপুর পৌরসভা নির্বাচনের জেলা আওয়ামী লীগের স্টিয়ারিং কমিটির আহবায়ক অ্যাডভোকেট মিয়াজান আলী জানান, মেহেরপুর পৌর নির্বাচনকে সামনে রেখে জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের দিক নির্দেশনায় জেলা কমিটির বর্তমান ও সাবেক নেতৃবৃন্দকে নিয়েই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ১৩ সদস্য বিশিষ্ট নির্বাচনী স্টিয়ারিং কমিটি গঠিত হয়। নির্বাচনকে ঘীরে দলীয় প্রার্থীর বিজয় নিশ্চিত করতে আগামীতে পৌর নির্বাচন পরিচালনা কমিটি গঠিত হবে। পৌর নির্বাচনী পরিচালনা কমিটিকেই আজকে গঠিত এই আহবায়ক কমিটির সদস্যরা সকল ধরনের সহযোগীতা করবেন।